

# পাঠ্যপুস্তক উৎসব আজ

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

| ঢাকা, মঙ্গলবার, ০১ জানুয়ারী ২০১৯

আজ ‘পাঠ্যপুস্তক উৎসব-২০১৯’। এই উৎসবের মাধ্যমে সারাদেশের চার কোটি ২৬ লাখ শিক্ষার্থীর মাঝে বিনামূল্যে পাঠ্যবই বিতরণ করা হবে। নতুন শ্রেণীতে ভর্তি হওয়ার সঙ্গে সঙ্গেই নতুন বই হাতে পাবে ছাত্রছাত্রীরা। নতুন বছরের শুরুতে শিক্ষার্থীদের হাতে নতুন পাঠ্যবই তুলে দিতে সকল প্রস্তুতি ইতোমধ্যে সম্পন্ন করেছে শিক্ষা প্রশাসন। চলতি মাসের মাঝামাঝি সময়েই শিক্ষার্থীদের চাহিদার শতভাগ বই ছেপে উপজেলা পর্যায়ে সরবরাহ সম্পন্ন করেছে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি)।

প্রতি বছরের ন্যায় এবারও প্রাক-প্রাথমিক থেকে নবম শ্রেণী পর্যন্ত দেশের সকল শিক্ষার্থীর হাতে ১ জানুয়ারি বিনামূল্যের পাঠ্যপুস্তক তুলে দেয়া হবে। ২০১০ সাল থেকে ১ জানুয়ারি শিক্ষার্থীদের বিনামূল্যে নতুন বই দেয়া হচ্ছে। সপ্তাহব্যাপী চলবে বই উৎসব।

শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবারও পৃথকভাবে ১ জানুয়ারি ‘পাঠ্যপুস্তক উৎসব’ পালন করবে। শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে গত বছরের ন্যায় এবারও রাজধানীর আজিমপুর গভর্নমেন্ট গার্লস স্কুল এ্যান্ড কলেজ

মাঠে সকাল ৯টা ৩০ মিনিটে কেন্দ্রীয়ভাবে এ উৎসবের উদ্বোধন করা হবে। এতে প্রধান অতিথি থাকবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

আর প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে আজ সকাল ১০টায় ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে ‘বই বিতরণ উৎসব ২০১৯’ এর আয়োজন করা হয়েছে। এতে প্রধান অতিথি থাকবেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী মোস্তাফিজুর রহমান। এর আগে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ২৪ ডিসেম্বর আনুষ্ঠানিকভাবে পাঠ্যবই উৎসবের উদ্বোধন করেন। এনসিটিবি’র চেয়ারম্যান প্রফেসর নারায়ন চন্দ্র সাহা সংবাদকে বলেন, ‘ইতোমধ্যে শতভাগ বই মুদ্রণ ও বিতরণ কাজ সম্পন্ন হয়ে গেছে। ১ জানুয়ারি থেকেই দেশের সকল শিক্ষার্থী বিনামূল্যের পাঠ্যপুস্তক হাতে পাবে। আমরা এখন বই উৎসবের অপেক্ষায় আছি।’

এবার প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য ব্রেইল বই এবং ৫টি নৃ-তাত্ত্বিক গোষ্ঠীর শিক্ষার্থীদের জন্য তাদের নিজ ভাষায় বই ছাপা হয়েছে। গত বছর ৯ম-১০ শ্রেণীর ১২টি পাঠ্যপুস্তক নতুন আঙ্গিকে প্রকাশ করা হয়েছে। এ প্রক্রিয়া অব্যাহত রয়েছে এবারও।

এনসিটিবি জানায়, ২০১৯ শিক্ষাবর্ষে দেশের চার কোটি ২৬ লাখ ১৯ হাজার ৮৬৫ জন শিক্ষার্থীর জন্য বিনামূল্যের পাঠ্যবই ছাপা হয়েছে। এবার প্রাক-প্রাথমিক থেকে মাধ্যমিক স্তর পর্যন্ত মোট বইয়ের সংখ্যা ৩৫ কোটি ২১ লাখ ৯৭ হাজার ৮৮২ কপি। এর মধ্যে প্রাথমিক স্তরের বই

ছাপাতে বিদেশ দুটসহ মোট ৫৪টি প্রাতিষ্ঠান  
এবং মাধ্যমিক স্তরের বই ছাপাতে দেশীয় ১৪৫টি  
প্রতিষ্ঠানকে কার্যাদেশ দিয়েছিল জাতীয়  
শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি)।